

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]
প্রজ্ঞাপন

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ / ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৪৬-আইন/২০২০/১০৭-মুসক।- মূল্য সংযোজন কর ও
সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর
সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, বিড়ির উপর প্রদেয় কর আদায়
ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর
সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি
(১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) উৎপাদিত বিভিন্ন ব্র্যান্ড, নাম ও মূল্যমানের ফিল্টার বিযুক্ত বা
ফিল্টারযুক্ত বিড়ির জন্য সর্বোচ্চ খুচরা মূল্য হইবে নিম্নরূপ, যথা:-

ক্রমিক নং	মূল্যস্তর	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)
১।	বিড়ি (ফিল্টার বিযুক্ত)	
	(ক) ৮ শলাকার প্যাকেটের মূল্য ৬.০০ টাকা	৩০
	(খ) ১২ শলাকার প্যাকেটের মূল্য ৯.০০ টাকা	৩০
	(গ) ২৫ শলাকার প্যাকেটের মূল্য ১৮.০০ টাকা	৩০
২।	বিড়ি (ফিল্টার সংযুক্ত)	
	(ক) ১০ শলাকার প্যাকেটের মূল্য ১০.০০ টাকা	৪০
	(খ) ২০ শলাকার প্যাকেটের মূল্য ১৯.০০ টাকা	৪০

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (মুসক নীতি)